

“যুবদের জাগরণ, বাংলাদেশের উন্নয়ন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন

১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

www.dyd.gov.bd


স্মারক নং ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০১৮.১৭- ০০০

তারিখঃ ২৮-১২/২০১৭খ্রিঃ।

বিষয়ঃ ঋণ কার্যক্রমকে ই-সার্ভিসে রূপান্তরের লক্ষ্যে প্রণীত সফটওয়্যার ব্যবহার প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকারের অন্যতম প্রধান লক্ষ্য হচ্ছে সরকারি সেবাসমূহকে জনগণের দোর গোড়ায় পৌছানো। এ লক্ষ্য বাস্তবায়নে যুব উন্নয়ন অধিদপ্তর ৫টি সেবাকে ২০২১ সালের মধ্যে ই-সার্ভিসে রূপান্তর করতে যাচ্ছে। সেবাসমূহের মধ্যে হতে অন্যতম সেবা ঋণ কার্যক্রমকে, ই-সার্ভিসে রূপান্তর প্রক্রিয়ায় গত ২১.১২.২০১৭ খ্রিঃ তারিখে এ লক্ষ্যে প্রস্তুতকৃত সফটওয়্যার ব্যবহার পাইলট কার্যক্রম যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় মানিকগঞ্জ জেলার সদর উপজেলায় উদ্বোধন করেছেন। পাইলট কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নের জন্য নিম্নোক্ত নির্দেশনাবলী অবশ্যই প্রতিপালনীয়।

১. উপজেলা/জেলা পর্যায়ে এ কার্যক্রমটির সফল প্রচারণার ব্যবস্থা গ্রহণ করা (এ লক্ষ্যে প্রতি সমন্বয় সভায়, যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন প্রশিক্ষণ ও যুব সংগঠন, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ইউডিসি উদ্যোক্তা, বানিজ্যিক/গ্রোথ সেন্টার, প্রাইভেট সেবা প্রদানকারী, লোকাল ক্যাবল নেটওয়ার্ক, ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহের মধ্যে বিষয়টি ব্যাপক প্রচার করার ব্যবস্থা নেয়া);
২. কার্যক্রমের সফল বাস্তবায়নের জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং জেলা প্রশাসক মহোদয়ের সার্বিক সহযোগিতা ও পরামর্শ গ্রহণ করা;
৩. যুবদেরকে অনলাইনে বর্ণিত সেবাগ্রহণ করার বিষয়ে বিভিন্ন কার্যক্রম সমাবেশে উৎসাহিত ও উদ্বুদ্ধ করা;
৪. সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং উপ-পরিচালক প্রতিদিন অফিসের শুরুতে এবং অফিস ত্যাগের পূর্বে স্ব-স্ব ড্যাশবোর্ড এর মাধ্যমে কার্যক্রমের অগ্রগতি প্রত্যক্ষ করা;
৫. যেহেতু ঋণ সেবা প্রত্যাশীগণকে ১৫দিনের মধ্যে প্রাথমিক তথ্য দিতে হবে সেহেতু সর্বোচ্চ ১২দিনের মধ্যে আভ্যন্তরীণ কার্যাদি শেষ করা;
৬. প্রতিমাসে যথা সময়ে ঋণ মঞ্জুরী কমিটির সভা আহ্বান করার ব্যবস্থা নেয়া;
৭. ঋণ কমিটিতে উপস্থাপিত প্রস্তাব সমূহের হার্ড কপিতে সদস্যসচিব ও সভাপতির স্বাক্ষর গ্রহণ ও সংরক্ষণের ব্যবস্থা করা এবং যথাসময়ে প্রত্যাহিকে অবহিত করা;
৮. চেক বিতরণকালে আবেদনের হার্ডকপিতে আবেদনকারী ও নিশ্চয়তাকারীর স্বাক্ষর গ্রহণ করা;
৯. সফটওয়্যারটি ব্যবহারের ক্ষেত্রে উৎকর্ষতা সাধনের জন্য যে কোন প্রস্তাব/পরামর্শ এবং এটি ব্যবহারে কোন সমস্যা থাকলে তা চিহ্নিত করে পাইলটকালীন সময়ে প্রতিমাসে প্রতিবেদন পাঠানো (সংযুক্ত ছকে);
১০. ঋণের ই-সার্ভিসের পাশাপাশি ম্যানুয়াল পদ্ধতিও চালু থাকবে। তবে পাইলটকালীন সময়ে (ডিসেম্বর'১৭-এপ্রিল'১৮) পর্যায়ক্রমে সকল ঋণ প্রত্যাশী এ পদ্ধতিতে অর্ন্তভুক্ত করার ব্যবস্থা নেয়া, যাতে করে পাইলট পরবর্তীকালীন ম্যানুয়াল পদ্ধতি চালাতে না হয়। শুধুমাত্র এ পদ্ধতিতে ঋণ অনুমোদন সভায় রেজুলেশন পৃথকভাবে তৈরী ও সংরক্ষণ করতে হবে।
১১. ই-সার্ভিসের মাধ্যমে মঞ্জুরকৃত ঋণের জন্য সমন্বিত রেজিস্টারের পাশাপাশি আলাদা রেজিস্টার সংরক্ষণ করতে হবে।
১২. পাইলট কার্যক্রম প্রাথমিকভাবে এপ্রিল/১৮ মাস পর্যন্ত চলবে।

  
২৮-১২/১৭  
(মোঃ হামিদুর রহমান)  
উপ-পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)  
ফোন- ৯৫৫০৫৩০

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা


যুব উন্নয়ন অধিদপ্তর, সদর, মানিকগঞ্জ।

স্মারক নং ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০১৮.১৭- ০০০

তারিখঃ ২৮-১২/২০১৭খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি বিতরণঃ

- ০১। চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক ..... (সকল) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মানিকগঞ্জ জেলা-কে জেলার একজন সহকারী পরিচালককে এর বাস্তবায়ন তদারকির জন্য নির্ধারিত করে দায়িত্ব প্রদান করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ০৪। প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৬। দপ্তর নথি।

  
২৮-১২/১৭  
(মোঃ শাহীনুর রহমান)  
সহকারী পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)  
ফোন : ৯৫১৫০১৯

**ঋণ কার্যক্রমে ই-সার্ভিস বাস্তবায়নে পাইলটিং অগ্রগতির মাসিক তথ্য ছকঃ**

উপজেলার নাম ..... মাসের নাম ..... পাইলটিং মাস( ১ম/২য়/৩য়/৪র্থ/৫ম)

মোট প্রাথমিক আবেদনের সংখ্যা (জন)									আবেদন অনুমোদনের সংখ্যা (জন)								
ম্যানুয়েল পদ্ধতি			সিস্টেমের মাধ্যমে			সর্বমোট			ম্যানুয়েল পদ্ধতি			সিস্টেমের মাধ্যমে			সর্বমোট		
পূর্বমাস	চলতি মাস	মোট	পূর্বমাস	চলতি মাস	মোট	পূর্বমাস	চলতি মাস	মোট	পূর্বমাস	চলতি মাস	মোট	পূর্বমাস	চলতি মাস	মোট	পূর্বমাস	চলতি মাস	মোট
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮

আবেদন নামঞ্জুরের সংখ্যা (জন)									ঋণ বিতরণ (জন)								
ম্যানুয়েল পদ্ধতি			সিস্টেমের মাধ্যমে			সর্বমোট			ম্যানুয়েল পদ্ধতি			সিস্টেমের মাধ্যমে			সর্বমোট		
পূর্বমাস	চলতি মাস	মোট	পূর্বমাস	চলতি মাস	মোট	পূর্বমাস	চলতি মাস	মোট	পূর্বমাস	চলতি মাস	মোট	পূর্বমাস	চলতি মাস	মোট	পূর্বমাস	চলতি মাস	মোট
১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০	৩১	৩২	৩৩	৩৪	৩৫	৩৬

**বিঃদ্রঃ** উৎকর্ষ সাধনের প্রস্তাব/পরামর্শ এবং সমস্যা আলাদা কাগজে সংযুক্ত করা যাবে।

স্বাক্ষর, তারিখ ও সীল